গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) আধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.০০.০০০০.১৪৩.০৬.০০২.২০- ১৮০

তারিখ: ২০ আষাঢ় ১৪২৮ / ০৪ জুলাই ২০২১

**বিষয়ঃ ২০২০-২০২১ অর্থবছরের ইনোভেশন টিমের ৬ষ্ঠ সভার কার্যবিবরণী।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ২২.০৬.২০২১ তারিখ অনুষ্ঠিত স্বাস্থ্য সেবা বিভাগের ২০২০-২০২১ অর্থবছরের ইনোভেশন টিমের ৬ষ্ঠ সভার কার্যবিবরণী পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত এতদসংগে নির্দেশক্রমে প্রেরণ করা হলো ।

সংযুক্ত: বর্ণনামতে

(মোহাম্মদ ইকবাল হোসেন)
উপসচিব
ফোন: ৯৫৪০৩৬২
monitor@hsd.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। অতিরিক্ত সচিব (ঔষধ প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২। অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩। যুগ্মসচিব (বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪। যুগ্মসচিব (মানব সম্পদ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৫। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৬। যুগ্মসচিব (স্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৭। উপসচিব (ক্রয় ও সংগ্রহ-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮। উপসচিব (প্রশাসন-৩), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৯। উপসচিব (প্রশাসন-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১০। উপসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১১। উপসচিব (নার্সিং সেবা-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১২। উপসচিব (জনস্বাস্থ্য-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৩। উপসচিব (প্রশাসন-৪), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

১। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা,স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

বিষয়: **২০২০-২০২১ অর্থবছরের ইনোভেশন টীমের ৬ষ্ঠ সভার কার্যবিবরণী**

সভাপতি : মোঃ মুহিবুর রহমান, অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার, স্বাস্থ্য সেবা বিভাগ

তারিখ ও সময় : ২২ জুন ২০২১ খ্রিঃ, বেলা ১১:০০ টা

আয়োজনে : স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

সভাপতি চলতি অর্থবছরের শেষ সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে স্বাস্থ্য সেবা বিভাগের অভ্যন্তরীণ ইনোভেশন টিমের কার্যক্রম শুরু করেন। তিনি স্বাস্থ্য সেবা বিভাগে উদ্ভাবন চর্চায় গুরুত্বারোপ করেন। তিনি সভাপতি উপসচিব (প্রশাসন-৪) কে গত সভার কার্যবিবরণী উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে জনাব মোহাম্মদ ইকবাল হোসেন, উপসচিব (প্রশাসন-৪) গত সভার কার্যবিবরণী পাঠ করেন। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়।

২. গত ১১.০৫.২০২০ তারিখে অনুষ্ঠিত মাসিক ইনোভেশন টিমের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য বিষয়ে নিম্নরুপ আলোচনা, পর্যালোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

৩. পর্যালোচনা সভায় বিষয়ভিত্তিক আলোচনা ও সুপারিশসমূহ নিম্নরূপঃ

| ক্রমিক | আলোচনার বিষয় | সুপারিশ সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৩.১ | **উদ্ভাবনী উদ্যোগ রেপ্লিকেশন/স্কেলআপ:** চলতি অর্থবছরের শোকেসিংয়ে নির্বাচিত ডিজিটাল বালার মাধ্যমে গর্ভকালীন সেবা ও পুষ্টি ট্রেসহ বিগত বছরগুলোতে নির্বাচিত প্রকল্পগুলো সারাদেশে বাস্তবায়নের আবশ্যকতা রয়েছে। উক্ত কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত একটি বাস্তবভিত্তিক কর্মপরিকল্পনা জুন মাসের মধ্যে প্রণয়নের বিষয়ে সভায় আলোচনা হয়। | নির্বাচিত প্রকল্পগুলোকে বাস্তবায়নের জন্য জুন মাসের মধ্যে বাস্তবভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। | প্রশাসন-৪ ও সংশ্লিষ্ট অধিদপ্তর |
| ৩.২ | **পুরস্কার/ডিও লেটার স্বীকৃতি ও উৎসাহ প্রদান:** সভায় উদ্ভাবনী উদ্যোগ গ্রহনের জন্য উদ্যোগ বাস্তবায়নকারী কর্মকর্তাগনকে পুরস্কার/ডিও লেটার প্রদানের মাধ্যমে নির্ধারিত সময়ে স্বীকৃতি ও উৎসাহ প্রদান করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ৩০ জুন ২০২১ তারিখের মধ্যে উদ্ধাবণী উদ্যোগ বাস্তবায়নকারী কর্মকর্তাগনকে পুরস্কার/ডিও লেটার স্বীকৃতি ও উৎসাহ প্রদান করতে হবে। | প্রশাসন-৪ |
| ৩.৩ | নির্বাচিত উদ্ভাবনী উদ্যোগগুলোর বাস্তবায়ন সমস্যা দূরীকরণে স্ব স্ব অধিদপ্তরের মহাপরিচালকগণের সহযোগিতা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়। | নির্বাচিত উদ্ভাবনী উদ্যোগগুলো বাস্তবায়ন সমস্যা দূরীকরণে স্ব স্ব অধিদপ্তরের মহাপরিচালকগণ প্রয়োজনীয় সহযোগিতা করবেন। | প্রশাসন-৪ ও সংশ্লিষ্ট অধিদপ্তর |
| ৩.৪ | উদ্ভাবনী সাফল্যগাঁথা : সভাপতি বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর নির্দেশনা মোতাবেক বিগত উদ্ভাবনী শোকেসিংয়ে নির্বাচিত প্রকল্পগুলোকে নিয়ে ২৮ জুন ২০২১ তারিখের মধ্যে একটি সাফল্যগাঁথার খসড়া তৈরি করার পরামর্শ দেন। | বিগত উদ্ভাবনী শোকেসিংয়ে নির্বাচিত প্রকল্পগুলোকে নিয়ে ২৮ জুন ২০২১ তারিখের মধ্যে একটি সাফল্যগাঁথার খসড়া তৈরি করতে হবে। | প্রশাসন-৪ |

| | | | |
|---|---|---|---|
| ৩.৫ | সকল দপ্তর/ অধিদপ্তর/ সংস্থাকে চলতি অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনার বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রমাণকসহ আগামী ১৫ জুলাই ২০২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে মর্মে সভাকে অবহিত করা হয়। | উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন আগামী ১৫ জুলাই ২০২১ প্রস্তুতপূর্বক ২০ জুলাই ২০২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | প্রশাসন-৪ |
| ৩.৬ | সভায় এসডিজি ও পঞ্চবার্ষিকী পরিকল্পনার লক্ষ্যমাত্রার বষয়ে আলোচনা হয়। যুগ্মসচিব (পরিকল্পনা) উদ্ভাবন প্রকল্পগুলোকে এসডিজির সাথে সমন্বয় করার বিষয়ে একটি ওয়ার্কশপ আয়োজনের পরামর্শ দেন। যুগ্মসচিব (বাজেট) প্রকল্পগুলোকে পঞ্চবার্ষিক পরিকল্পনার সাথে সমন্বয় করার বিষয়ে সুপারিশ করেন। | এসডিজি ও পঞ্চবার্ষিকী পরিকল্পনার লক্ষ্যমাত্রার সাথে সামঞ্জস্য রেখে উদ্ভাবনী উদ্যোগ গ্রহন করতে হবে। | স্বাস্থ্য সেবা বিভাগ |
| ৩.৭ | **বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২১-২০২২:** উপসচিব (প্রশাসন-৪) বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২১-২০২২ মন্ত্রিপরিষদ কর্তৃক প্রণয়ন করা হয়েছে। এই পরিকল্পনার আলোকে স্বাস্থ্য সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহ উদ্ভাবনী কার্যক্রম পরিচালনা করবে মর্মে সভাকে অবহিত করেন। সভাপতি আগামী ২০২১-২০২২ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা শতভাগ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট নির্দেশনা প্রদান করেন। যুগ্মসচিব (পরিকল্পনা) আগামী অর্থবছর থেকে উদ্ভাবনী কর্মপরিকল্পনাকে এডিপি'র প্রগ্রেস মনিটরিংয়ে অন্তর্ভূক্ত করার প্রস্তাব দেন। সভাপতি SDG, APA, NIS, Innovation নিয়ে একটি সমন্বিত ক্যালেন্ডার তৈরি করার জন্য পরামর্শ দেন। | ক) বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২১-২০২২ শতভাগ বাস্তবায়ন করতে হবে।<br>খ) উদ্ভাবনী কর্মপরিকল্পনাকে এডিপি'র প্রগ্রেস মনিটরিংয়ে অন্তর্ভূক্ত করতে হবে।<br>গ) SDG, APA, NIS, Innovation নিয়ে একটি সমন্বিত ক্যালেন্ডার তৈরি করতে হবে। | প্রশাসন অনুবিভাগ ও পরিকল্পনা অনুবিভাগ |
| ৩.৮ | **ই-ফাইলিং চালু :** সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগের ই-ফাইলিং অগ্রগতির উপর অসন্তোষ প্রকাশ করে বলেন, আগামী এপিএতে ই-ফাইলিং অগ্রগতির উপর নম্বর রয়েছে। শতভাগ ই-ফাইলিং চালু না করলে পারফরম্যান্সের উপর প্রভাব পরবে। তিনি স্বাস্থ্য সেবা বিভাগের সকল অনুবিভাগে শতভাগ ই-ফাইলিং চালুর পরামর্শ দেন। | স্বাস্থ্য সেবা বিভাগের সকল অনুবিভাগকে শতভাগ ই-ফাইলিং চালু করতে হবে। | প্রশাসন অনুবিভাগ |
| ৩.৯ | **৪র্থ শিল্পবিপ্লব:** নতুন কর্মপরিকল্পনায় অন্তর্ভূক্ত 'চতূর্থ শিল্পবিপ্লব' বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। | প্রশাসন-৪ চতূর্থ শিল্পবিপ্লব বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করবে। | প্রশাসন-৪ |

৪। আলোচনা শেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মুহিবুর রহমান
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
চিফ ইনোভেশন অফিসার
স্বাস্থ্য সেবা বিভাগ